তারিখ ...13 JUL 2016...
পৃষ্ঠা ...৭৪... কলাম ...২...

দৈনিক
জনকণ্ঠ

# বরিশালে কলেজ জাতীয়করণের দাবি

বক্তারা প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে তার দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী বিএনখান ডিগ্রী কলেজকে জাতীয়করণের দাবি করেন।

## সিরাজগঞ্জ

স্টাফ রিপোর্টার, সিরাজগঞ্জ থেকে জানান, চান্দাইকোনা হাজী ওয়াহেদ-মরিয়ম অনার্স কলেজ সরকারীকরণের দাবিতে প্রধানমন্ত্রী বরাবরে মঙ্গলবার স্মারকলিপি প্রদান করা হয়েছে। এর আগে বেলা ১১টায় কলেজের সামনে উত্তরবঙ্গ মহাসড়কের চান্দাইকোনা শিক্ষক, ছাত্রছাত্রী ও এলাকাবাসী ঘণ্টাব্যাপী মানববন্ধন করেন।

স্মারকলিপিতে বলা হয়, ১৯৬৯ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চান্দাইকোনা বিশাল জনসভায় দারিদ্র্য পীড়িত এলাকার কৃষক-সন্তানদের উচ্চশিক্ষা লাভের জন্য চান্দাইকোনায় একটি কলেজ প্রতিষ্ঠা ও পর্যায়ক্রমে তা সরকারীকরণের প্রতিশ্রুতিও দিয়েছিলেন। যা আজও বাস্তবায়ন হয়নি। জাতীয় পর্যায়ে বিশেষ কৃতিত্ব অর্জনকারী কলেজটি অনতিবিলম্বে সরকারীকরণের জন্য ইউএনও'র মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর এই স্মারকলিপি দেয়া হয়।

## কুড়িগ্রাম

স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম থেকে জানান, রাজারহাট মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজকে জাতীয়করণের দাবিতে মঙ্গলবার দুপুরে বিক্ষোভ মিছিল, সমাবেশ, মানববন্ধন, ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান কর্মসূচী পালিত হয়। ২০১৬ জাতীয় শিক্ষা সপ্তাহে জেলার শ্রেষ্ঠ কলেজটিকে জাতীয়করণের তালিকায় সংযুক্ত করার দাবিতে কলেজের শিক্ষক, ছাত্র, অভিভাবকগণ ও উপজেলাবাসী প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করেন। কলেজ ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।